বাংলা ১ম পত্র (সৃজনশীল)
বিষয় কোড - 101
সময়-২ ঘণ্টা ৩০ মিনিট
পূর্ণমান-৭০

**দ্রষ্টব্য**: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং নিচের প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। ক বিভাগ-গদ্য থেকে ন্যূনতম **দুটি**, খ বিভাগ-কবিতা থেকে ন্যূনতম **দুটি**, গ বিভাগ-উপন্যাস ও ঘ বিভাগ-নাটক থেকে ন্যূনতম একটি করে মোট সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।

## ক বিভাগ-গদ্য

১। নাম তার অনামিকা। সে তার পিতামাতাসহ পরিবারের সকলকে জানিয়ে দিয়েছে বিয়ের বাজারে সে পণ্য হতে চায় না। কথাটি এলাকায় ছড়িয়ে যাওয়ায় তার পিতামাতা পড়েছে দুশ্চিন্তায়। সম্প্রতি সরকারি চাকুরিতে যোগদানকারী পাশের গ্রামের উচ্চশিক্ষিত তরুণ বিবেক রায় অনামিকাকে বিয়ে করার সিদ্ধান্ত গ্রহণ করে। তার বাবা সিদ্ধেশ্বর রায় বিপুল পরিমাণ যৌতুক নিয়ে ঘটা করে ছেলের বিয়ে দেবেন ভেবে রাখলেও বিবেকের ইচ্ছা ও কঠিন সিদ্ধান্তে কোনো প্রকার শর্ত ছাড়াই অনামিকার বাবার কাছে ছেলের বিয়ের প্রস্তাব নিয়ে যায় এবং অল্পদিনের মধ্যেই বিবেক-অনামিকার শুভ বিবাহ সম্পন্ন হয়।
(ক) অনুপমের বন্ধু হরিশ কোথায় কাজ করে?
(খ) "এককালে ইহাদের বংশে লক্ষ্মীর মঙ্গলঘট ভরা ছিল।"-এখানে 'লক্ষ্মীর মঙ্গলঘট' বলতে কী বোঝানো হয়েছে?
(গ) উদ্দীপকের অনামিকা ও 'অপরিচিতা' গল্পের কল্যাণীর চারিত্রিক বৈশিষ্ট্যের ভিন্নতা নিরূপণ কর।
(ঘ) "উদ্দীপকের বিবেক রায় 'অপরিচিতা' গল্পের অনুপমের চেয়ে কার্যত অধিক সফল।" মন্তব্যটি সম্পর্কে তোমার অভিমত যৌক্তিকভাবে তুলে ধর।

২। শিক্ষানুরাগী আলী হায়দার অবসর গ্রহণের পর গড়ে তোলেন আলোকবর্তিকা নামক সেবা সংগঠন। যার মাধ্যমে বিভিন্ন সমাজকল্যাণমূলক কাজের পাশাপাশি পথশিশুদের শিক্ষাদান, দুর্নীতি-বিরোধী প্রচারণা, নৈতিকতা ও মূল্যবোধ বিষয়ক নানা সেমিনারের আয়োজন করেন। বেকারদের কর্মক্ষম করে গড়ে তোলার লক্ষ্যে নিজ জমানো টাকায় 'আলী হায়দার টেকনিক্যাল কলেজ' স্থাপন করেন। উক্ত প্রতিষ্ঠান থেকে বেকার যুবক-যুবতীরা প্রশিক্ষিত হয়ে দেশ-বিদেশে চাকরি করে এলাকার সচ্ছলতা ফিরিয়ে এনেছে।
(ক) কোন মনোভাব নিয়ে কারো কল্যাণ করা যায় না?
(খ) "মানব-কল্যাণ অলৌকিক কিছু নয়--এ এক জাগতিক মানবধর্ম।" উক্তিটি ব্যাখ্যা কর।
(গ) উদ্দীপকের সাথে 'মানব-কল্যাণ' প্রবন্ধের সাদৃশ্যপূর্ণ দিক তুলে ধর।
(ঘ) "মানব মর্যাদায় উদ্‌বুদ্ধ জীবন চেতনাই মানব-কল্যাণের মূলকথা।" উদ্দীপক এবং প্রবন্ধের আলোকে মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর।

৩। পিতৃহীন রাশেদার স্বামীর সংসারে মোটেই সুখ নেই। অর্থের জন্য শ্বশুর-শাশুড়ি তাকে মানসিক নির্যাতন করে। গর্ভবতী হওয়া সত্ত্বেও নেশাখোর স্বামী তার গায়ে হাত তোলে। স্বামীর নির্মম অত্যাচারে প্রায়ই সে অজ্ঞান হয়ে যায়। নির্যাতন সহ্য করতে না পেরে এক সময় রাশেদার প্রতিবাদী নারীসত্তা জেগে ওঠে। নির্দয় স্বামীর কাছে নতি স্বীকার না করে আইনের আশ্রয় নিয়ে স্বামী-শাশুড়িকে জেলে পাঠায়।
(ক) বাজারের তোলা নিয়ে 'মাসি-পিসি'র সঙ্গে কার ঝগড়া হয়?
(খ) "ফের আসুক, আদরে রাখব যদ্দিন থাকে।"-ব্যাখ্যা কর।
(গ) উদ্দীপকের রাশেদার স্বামীর সাথের 'মাসি-পিসি' গল্পের কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে? আলোচনা কর।
(ঘ) "নারীর প্রতি সহিংসতা নির্মূলে সামাজিক সচেতনতার বিকল্প নেই।"- উদ্দীপক ও 'মাসি-পিসি' গল্পের আলোকে বিশ্লেষণ কর।

৪। ভারতীয় উপমহাদেশে দীর্ঘ প্রায় ২'শ বছরের শাসন-শোষণের বিরুদ্ধে কবি কাজী নজরুল ইসলাম কবিতা লিখে প্রতিবাদ করেছেন। 'বিদ্রোহী' কবিতা লেখার জন্য কবিকে রাজবন্দি হয়ে এক জেল থেকে অন্য জেলে স্থানান্তর করে মানসিক কষ্ট দিয়েছে ব্রিটিশরা। প্রতিবাদে কবির জেলের আমরণ অনশন ভাঙতে স্বয়ং রবীন্দ্রনাথ ঠাকুর চেষ্টা করেন। এত কিছু পরও কবি দমে যাননি। জেলের সেলে লোহার গরাদে তাল বাজিয়ে অন্য বন্দিদের নিয়ে গাইতেন, তাঁরই লেখা বিখ্যাত কবিতাটি-

khoshbd.com

"কারার ঐ লৌহ কপাট,
ভেঙ্গে ফেল করলে লোপাট......

(ক) ১৯৫২ সালের ভাষা আন্দোলনে ছাত্রজনতার ওপর গুলিবর্ষণের জন্য দায়ী কে?
(খ) "বাংলাকে রাষ্ট্রভাষা না করে উপায় নাই।"- কেন?
(গ) উদ্দীপকের কাজী নজরুল ইসলাম ও 'বায়ান্নর দিনগুলো' রচনার লেখক শেখ মুজিবুর রহমানের সংগ্রামী চেতনার তুলনামূলক আলোচনা কর।
(ঘ) "প্রেক্ষাপট ভিন্ন হলেও উদ্দীপকের কাজী নজরুল এবং 'বায়ান্নর দিনগুলো' রচনার লেখক শেখ মুজিবুর রহমানের লক্ষ্য ও উদ্দেশ্য একই সূত্রে গাঁথা।" মন্তব্যটি বিচার কর।

## খ বিভাগ-কবিতা

৫।

"চলে যাব তবু আজ যতক্ষণ দেহে আছে প্রাণ
প্রাণপণে পৃথিবীর সরাব জঞ্জাল,
এ বিশ্বকে এ-শিশুর বাসযোগ্য করে যাব আমি-
নবজাতকের কাছে এ আমার দৃঢ় অঙ্গীকার।"

(ক) 'বিদ্রোহী' কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে সংকলিত হয়েছে?
(খ) "আমি সেই দিন হব শান্ত'- বলতে কবি কী বুঝিয়েছেন?
(গ) উদ্দীপক ও 'বিদোহী' কবিতার ভাবগত মিল তুলে ধর।
(ঘ) "মানব মুক্তির আকাঙ্ক্ষাই 'বিদ্রোহী' কবিতা ও উদ্দীপকের মূলসুর।"- বিশ্লেষণ কর।

৬। ইশিতা বাংলা বিভাগের উচ্ছল প্রাণবন্ত মেয়ে। স্বাচ্ছার আসবকে সে মাতিয়ে রাখে। বাংলা বিভাগ প্রতিবারের মতো এব্যরও বসন্ত উৎসব পালনের উদ্যোগ নিয়েছে। চশিতা বরাবরই এই ধরনের আয়োজনে অগ্রণী ভূমিকা পালন করে। উৎসবের দিন রূপময় প্রকৃতির নান্দনিকতা ও উৎসব প্রাঙ্গনের বর্ণিল বিন্যাস একাকার হয়ে অভূতপূর্ব আনন্দের পরিবেশ সৃষ্টি হয়েছে। অথচ এই কোলাহলমুখর আনন্দধন পরিবেশে প্রাণবন্ত ঈশিতা যেন প্রাণহীন, ছন্দহীন, গম্ভীর ও বিষণ্ন। জানা গেল, তিন বছর আগে হারানো মায়ের স্মৃতিই আজ তার অন্তরকে বেদনাচ্ছন্ন করে রেখেছে।
(ক) গঠনরীতির দিক থেকে 'তাহারেই পড়ে মনে কোন ধরনের কবিতা?
(খ) "পুষ্পারতি লভেনি কি ঋতুর রাজন?"-ববিতার এই চরণটির অর্থ বুঝিয়ে দাও।
(গ) উদ্দীপকেনা ঈশিতা ও 'তাহারেই পড়ে মনে' কবিতার কবিসত্তার ঐক্য নির্ণয় কর।
(ঘ) "উদ্দীপক ও 'তাহারেই পড়ে মনে' কবিতায় একই জীবন-সত্যের পরিচয় উদঘাটিত হয়েছে" বিচার কর।

৭। "তরুণ নামের জয়-মকুট শুধু তাহারই যাহার শক্তি অপরিমাণ, গতিবেগ ঝঞ্ঝার ন্যায়, তেজ নির্মেঘ আষাঢ় মধ্যাহ্নের মার্তণ্ডপ্রায়, বিপুল যাহার আশা, ক্লান্তিহীন যাহার উৎসাহ, বিরাট যাহার ঔদার্য, অফুরন্ত যাহার প্রাণ, অটল যাহার সাধনা, মৃত্যু যাহার মুঠিতলে।"
(ক) 'আঠারো বছর বয়স' কবিতাটি কোন ছন্দে রচিত?
(খ) "তাজা তাজা প্রাণে অসহ্য যন্ত্রণা।" বলতে কী বোঝানো হয়েছে?
(গ) উদ্দীপকের ভাবার্থের সাথে 'আঠারো বছর বয়স' কবিতার সাদৃশ্য নির্ণয় কর।
(ঘ) "তারুণ্যই সমাজ বিনির্মাণের চালিকাশক্তি।" উদ্দীপক এবং 'আঠারো বছর বয়স' কবিতার আলোকে মন্তব্যটি বিশ্লেষণ কর।

## গ বিভাগ উপন্যাস

৮। হোসেন মিয়া সাধারণ মাঝি থেকে নিজ পরিশ্রমে অনেক বিত্তশালী আম। তিনি মহনদেশের মালিক। পদ্মাপাড়ের কেতুপুর গ্রামের জেলেপাড়ার কুবের মাঝিদের তিনি অসময়ের বন্ধু। হোসেন মিয়া তাঁর স্বপ্নের ময়নাদ্বীপকে বানাতে চান একখণ্ড মানবিক পৃথিবী। তাই আঁক ময়নাদ্বীপে বসবাসকারীদের মধ্যে থাকবে না হিংসা-বিদ্বেষ, ধর্ম-অধর্মের তফাৎ।
(ক) মজিদকে মতিগঞ্জের সড়কে প্রথম কারা দেখেছিল?
(খ) "যেন হাস্নাহনার মিষ্টি মধুর গন্ধ ছড়ায়।" উক্তিটি ব্যাখ্যা কর।
(গ) উদ্দীপকের হোসেন মিয়ার সঙ্গে 'লালসালু' উপন্যাসের মজিদের আমর্শগত পার্থক্য নির্ণয় কর।

prosnobd.com

(ঘ) "উদ্দীপকের একখন্ড মানবিক পৃথিবী 'লালসালু' উপন্যাসের লেখকের মানসডিয়াকে ধারণ করে।" তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও।

৯। সখিপুর গ্রামের প্রতিপত্তিশালী ব্যক্তি কমল চৌধুরীকে ধর্ম-বর্ণ-গোত্র নির্বিশেষে সকলেই ভালোবাসেন। মানুষের বিপদে-আপদে তিনি সকলের আগে সহায়তার হাত বাড়িয়ে দেন। গ্রাম্য সালিশে বসে তিনি নির্মোহভাবে ন্যায্য কথা বলেন। একদিন নারী কেলেঙ্কারি বিষয়ক এক গ্রাম্য সালিশে বসে তিনি বললেন "নারীর প্রতি সকলের দৃষ্টিভঙ্গি ইতিবাচক হওয়া দরকার। মিথ্যা, বানোয়াট ও মনগড়া কথা বলে নারীর মর্যাদাহানি করা অন্যায়, অপরাধ। সংসারের প্রয়োজনে তারা কঠোর পরিশ্রম ও সীমাহীন ত্যাগ স্বীকার করে। পরিবার গঠনে তাদের ভূমিকা অপরিসীম। তাই তাদেরকে যথাযথ মূল্য ও মর্যাদা দেওয়া সকলের মানবিক কর্তব্য।"

(ক) 'তোমার দাড়ি কই মিঞা?' কাকে উদ্দেশ্য করে একথা বলা হয়েছে?

(খ) আওয়ালপুরের নতুন পির সাহেবের আগমনে মজিদের মনে বিদ্বেষ সৃষ্টি হয়েছে কেন?

(গ) উদ্দীপকের কমল চৌধুরী ও 'লালসালু' উপন্যাসের খালেক ব্যাপারীর চারিত্রিক বৈপরীত্য নিরূপণ কর।

(ঘ) উদ্দীপকে নারীর প্রতি ইতিবাচক দৃষ্টিভঙ্গি ও মর্যাদা প্রদর্শিত হলেও 'লালসালু' উপন্যাসে তা অনুপস্থিত।" মন্তব্যটির যথার্থতা যাচাই কর।

## ঘ বিভাগ-নাটক

১০। পিতৃ-মাতৃহারা, সহায়-সম্বলহীন মাহাবুবের জীবন চলার পথ দিশেহারা। বন্ধু রিপন এ সময় তারই এক আত্মীয়া নিঃসন্তান খালার বাড়িতে মাহাবুবের লেখা-পড়ার সুযোগ করে দেয়। মাহাবুধ ভাগ্যের অন্বেষণে বিদেশ ঘুরে এখন প্রতিষ্ঠিত। সামাজিক জনহিতকর কাজে তার বেশ সুনাম রয়েছে। প্রতিবারের মতো গত ঈদের জাকাত প্রদানের দীর্ঘ লাইনে বাল্যবন্ধু রিপনকে দেখে বুকে টেনে নেয় মাহাবুব। সড়ক দুর্ঘটনায় পঙ্গু রিপনের বাকি জীবন চলার আর্থিক নিশ্চয়তার সংস্থান করে দেয় মাহাবুব। বন্ধুত্বের ঋণ শোধের তৃপ্ততায় মুগ্ধ রিপনও।

(ক) নবাব আলিবর্দি খাঁর প্রকৃত নাম কী?

খ) "আমার সারা অস্তিত্ব জুড়ে কেবল যেন দেয়ালের ভিড়-এর অর্থ কী? (

(গ) উদ্দীপকের মাহাবুব এবং 'সিরাজউদ্দৌলা' নাটকের মোহাম্মদি বেগের চারিত্রিক বৈশিষ্ট্যের বৈপরীত্য দেখাও।

(ঘ) উদ্দীপকের মাহাবুবের বন্ধুর প্রতি ঋণ শোধের তৃপ্ততা 'সিরাজউদ্দৌলা' নাটকের মিরজাফর ও ক্লাইভের ঐক্যের মধ্যে নেই।" মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর।

১১। তিস্তাপাড়ে আজকাল নাকি ফসলি জমির অভাব। এক শ্রেণির অসাধু ব্যবসায়ী জমিতে মেশিন বসিয়ে উত্তোলন করে নেয় ভূগর্ভস্থ পাথর। এখানে ফসলের তুলনায় পাথরের মূল্য বেশি। তাই দিনে দিনে মেশিনের সংখ্যা বৃদ্ধি পায় আর পরিবেশের উপর নেতিবাচক প্রভাব পড়ে। এলাকার সচেতন জনগোষ্ঠী দেশের স্বার্থে এই কাজে বাধা দিলে ব্যবসায়ীদের সঙ্গে তাদের বিরোধ হয়। সংশ্লিষ্ট মন্ত্রণালয় এখানে অনধিক তিনটি মেশিন বসানোর অনুমতি দিলেও বাস্তবে শতাধিক মেশিনে পাথর উত্তোলন করে ব্যবসায়ীরা। এতে একদিকে খাদ্য উৎপাদন যেমন ব্যাহত হচ্ছে, অন্যদিকে নষ্ট হচ্ছে পরিবেশের ভারসাম্য। এইরকম চলতে থাকলে একদিন হয়তো শোনা যাবে মাটির নিচে তলিয়ে গেছে তিস্তাপাড়ের বিশাল জনপদ।

(ক) মোহনলালের তথ্য মতে, নবাব সিরাজউদ্দৌলার পক্ষে সৈন্য সংখ্যা কত?

(খ) "আমাদের কারও অদৃষ্ট মেঘমুক্ত থাকবে না শেঠজি।"-এর অর্থ বুঝিয়ে দাও।

(গ) উদ্দীপকের সচেতন জনগোষ্ঠী 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রের প্রতিনিধিত্ব করে ব্যাখ্যা কর।

(ঘ) "প্রেক্ষাপট ভিন্ন হলেও উদ্দীপকের অসাধু ব্যবসায়ী আর 'সিরাজউদ্দৌলা' নাটকের ইংরেজ বেনিয়াদের চরিত্র অভিন্ন।" মন্তব্যটি যথার্থ কিনা যাচাই কর।

prashnobd.com

বাংলা ১ম পত্র (বহুনির্বাচনী)
বিষয় কোড - 101
সময় - ৩০ মিনিট
পূর্ণমান – ৩০

১। 'কুহেলি' শব্দের অর্থ কী?
(ক) কুয়াশা (খ) চাদর (গ) উত্তরীয় (ঘ) সন্ন্যাস

**উদ্দীপকটি পড়ে ২ ও ৩ নম্বর প্রশ্নের উত্তর দাও:**
পাহাড়ি ঢলের মতো নেমে এসে সমস্ত ভাষায়,
অভাগা মানুষ যেন জেগে ওঠে আবার এ আশায়
যে, আবার নূরলদীন একদিন আসিবে বাংলায়,
আবার নূরলদীন একদিন কাল পূর্ণিমায়
দিবে ডাক, জাগো, বাহে, কোনঠে সব্যয়?"

২। আবার নূরলদীন একদিন আসিবে বাংলার" - পংক্তিটিতে 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার সাদৃশ্যপূর্ণ চেতনা হলো---
i. নবজাগরণ ii. সংগ্রামশীলতা iii. ইতিহাসমনস্কতা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩। উদ্দীপকে প্রতিফলিত চেতনা ব্যক্ত হয়েছে নিচের কোন চরণে?
(ক) আমি আমার পূর্বপুরুষের কথা বলছি
(খ) যে আজনা ক্রীতদাস থেকে যাবে
(গ) কার্যত জমির প্রতিটি শস্যদানা কবিতা
(ঘ) রক্তজবার মতো প্রতিবোধের উচ্চারণ কবিতা

৪। এ দেশের বুকে কেন আঠারোকে নেমে আসতে হয়েছে?
(ক) এ বয়স জটিলতা বোঝেনা
(খ) এ বয়স দুর্নীতি করতে জানেনা
(গ) এ বয়স শিক্ষার বয়স
(খ) এ বয়স সাহসী দুর্বার গতিসম্পন্ন ও কল্যানব্রতী

৫। আঠারো বছর বয়সের ধর্ম মহান মন্ত্রে উজ্জীবিত হওয়া।--এ মহান মন্ত্রের বাহন কোনটি?
(ক) স্বার্থত্যাগ (খ) আত্মত্যাগ
(গ) অর্থত্যাগ (ঘ) বিলাসিতা ত্যাগ

৬। ঘাতকের অশুভ আস্তানায় মানুষের অবন্ধ ছিল-
i. কেউ মরা ii. কেউ আধমরা
iii. কেউ জেদি বিপ্লবে ফেটে পড়া
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৭। মীর জাফরের প্রকৃত নাম কী?
(ক) মীর জাফর খান (খ) জাফর আলি খান
(গ) মীর জাফর আলি খাঁ (ঘ) মির্জা আফর খান

৮। বাংলাদেশের জাতীয় কবি কে?
(ক) রবীন্দ্রনাথ ঠাকুর (খ) সুফিয়া কামাল
(গ) কাজী নজরুল ইসলাম (ঘ) শামসুর রাহমান

৯। কিন্তু আমরা তার কথা বুঝলাম না ---"আমার পথ" প্রবন্ধে কার সম্পর্কে আলোচ্য কথাটি বলা হয়েছে?
(ক) মহাত্মা গান্ধী (খ) জওহরলাল নেহেরু
(গ) মোহাম্মদ আলী জিন্নাহ (ঘ) নেতাজি সুভাষ চন্দ্র বসু

১০। কন্যার রূপ-গুণের বর্ণনায় বিনুদাদা বলেছিলেন-
i. মন্দ নয় হে। ii. খাঁটি সোনা বটে
iii. খাঁটি সোনা হে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১১। 'দক্ষযজ্ঞ' শব্দের অর্থ কী?
(ক)যজ্ঞানুষ্ঠান (খ) হট্টগোল
(গ) শিবপূজা (ঘ) বিপর্যয়

১২। বিলাসীর আত্মহত্যার কারণ-
i. স্বামীর শোক ii. ভালোবাসাকে জীবন্ত রাখা
iii. নিষ্ঠুর সমাজব্যবস্থা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪ নম্বর প্রশ্নের উত্তর দাও:**
ভাষা আন্দোলন বাঙালিকে আন্তর্জাতিক পরিচিতি ও মর্যাদায় ভূষিত করেছে।

১৩। উদ্দীপকে বায়ান্নর দিনগুলো রচনায় ফুটে ওঠা বাঙালির কোন চেতনার প্রকাশ ঘটেছে?
(ক) কর্মনিষ্ঠ (খ) আত্মত্যাগ
(গ) দেশপ্রেম (ঘ) বিদ্যানুরাগ

১৪। বাঙালির উচ্চ পদক্ষেপের জন্য প্রেরণা মুখিতেছিল-
i. জাতীয়তাবাদের চেতনা ii. পাকিস্তানিদের প্রতি ঘৃণা
iii. আপন সংস্কৃতির প্রতি অবহেলা
নিচের কোনটি সঠিক
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৫। কী বিক্রি করে মাসি-পিসি জগুকে ভালো-মন্দ দশটা জিনিস খাইয়েছে?
(ক) সালতি (খ) গাভী (গ) তরকারি (ঘ) ছাগল

১৬। রবীন্দ্রনাথ ঠাকুর কত সালে সাহিত্যে নোবেল পুরস্কার পান?
(ক) ১৯০৩ খ্রি (খ) ১৯১৩ খ্রি.
(গ) ১৯২৩ খ্রি (ঘ) ১৯৩৩ খ্রি

১৭। 'কমলবন' শব্দটিকে কবি 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় কী হিসেবে ব্যবহার করেছেন?
(ক) ভাবার্থে (খ) মূল অর্থে
(গ) প্রতীকী অর্থে (ঘ) ব্যঞ্জনা অর্থে

১৮। 'খাজাঞ্জি' বলতে কোন ব্যক্তিকে বোঝায়?
(ক) সেনাপতিকে (খ) নবাবকে
(গ) কোষাধ্যক্ষকে (ঘ) গুপ্তচরকে

১৯। "ব্রিটিশ সিংহ ভয়ে লেজ গুটিয়ে নিলেন, এ বড় লজ্জার কথা।"

prashnobd.com

উর্মিচাঁদের এই সংলাপের মধ্যদিয়ে আমরা অনুধাবন করতে পারি---

i. সিংহের মতো শক্তি ও সাহস ইংরেজদের আছে

ii. ইংরেজরা ভীরু iii. ইংরেজরা কাপুরুষ

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ে ২০ ও ২১ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

প্রথম যখন হোসেন মিয়া কেতুপুরে এসেছিল পরণে একটা ছেঁড়া পুড়িল, মাথায় একঝাঁক বুক্ষ চুল ঘষা দিলে গায়ে খড়ি অতি। এখন সে অনেক সম্পদ ও প্রতিপত্তির মালিক।

২০। উদ্দীপকে হোসেন মিয়া ও 'লালসালু' উপন্যাসের মজিদ উভয়ের ক্ষেত্রে কোনটি প্রযোজ্য নয়?

(ক) লোভী (খ) আগন্তুক (গ) সরলতা (ঘ) ধার্মিক

২১। 'লালসালু' উপন্যাসে মজিদের মতো হোসেন মিয়াও-

i. ভাগ্যান্বেষী ii. সচ্ছল iii. সফল

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২২। আব্বাস মহব্বতনগর গ্রামে কী প্রতিষ্ঠা করতে চায়?

(ক) স্কুল (খ) কলেজ (গ) হাসপাতাল (ঘ) এনজিও

২৩। "ওপরের হাত সবসময় নিচের হাত থেকে শ্রেষ্ঠ"--এ কথাটি কে বলেছে?

(ক) একজন দার্শনিক (খ) গৌতম বৃদ্ধ

(গ) ইসলামের নবি (ঘ) একজন সমাজসেবক

**উদ্দীপকটি পড়ে ২৪ ও ২৫ নম্বর প্রশ্নের উত্তর দাও:**

"শহরের বুকে জলপাই রঙের ট্যাঙ্ক এলো দানবের মতো চিৎকার করতে করতে"

২৪। উদ্দীপরের সঙ্গে রেইনকোট গল্পের সাদৃশ্যপূর্ণ

i. গ্রেনেড ছোঁড়া ii. মুক্তিযুদ্ধের সময়

iii. সালাম ও বরকাত শহিদ হওয়া

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৫। উদ্দীপকের কোন বিষয়টিতে 'রেইনকোট' গল্পের মিল পাওয়া যায়?

(ক) ক্রাক-ডাউন রাতে ট্যাঙ্কের হুক্কার

(খ) মানুষ মেরে ফেলা

(গ) বাড়িঘর জ্বালিয়ে দেওয়া

(ঘ) মুক্তিযোদ্ধাদের গেরিলা যুদ্ধ

২৬। 'মানবিক বৃত্তি' বলতে আমরা বুঝি-

i. মানবতা ii. দয়া iii. সেবা

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮ নম্বর প্রশ্নের উত্তর দাও**

গাহি সাম্যের গান---

মানুষের চেয়ে বড় কিছু নাই, নহে কিছু মহীয়ান।

২৭। উদ্দীপকের ভাব 'প্রতিদান' কবিতার কোন ভাবটিকে ধারণ করে?

(ক) প্রতিবাদ (খ) হিংসা-বিদ্বেষপূর্ণ মনোভাব

(গ) জাগরণ চিন্তা (ঘ) সাম্যবাদ

২৮। উদ্দীপক ও আলোচ্য কবিতায় প্রকাশ পেয়েছে---

i. মানুষের প্রতি ভালোবাসা ii. মানুষের প্রতি অবহেলা

iii. মানুষের শ্রেষ্ঠত্ব

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৯। 'শিখর হিমাদ্রির' সবচেয়ে সহজ অর্থ কোনটি?

(ক) হিমালয়ের শিখা (খ) হিমালয়ের পাদদেশ

(গ) চিবালয়ের শীর্ষচূড়া (ঘ) হিমালয়ের বিস্তার

৩০। বিদ্রোহী' কবিতাটি কবির কোন কাব্যগ্রন্থ থেকে সংকলিত?

(ক) সাম্যবাদী (খ) বিষের বাঁশি

(গ) সর্বহারা (ঘ) অগ্নিবীণা

prosnobd.com